

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২. দাঁড়িয়ে পেশাব করা সম্পর্কে।

باب الْبَوْل قَائِمًا

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، وَمُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، قَالاَ حَدَّثَنَا شُعْبَةُ، ح وَحَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، _ وَهَذَا لَفْظُ حَفْصٍ _ عَنْ سُلَيْمَانَ، عَنْ أَبِي وَائِلٍ، عَنْ حُذَيْفَةَ، قَالَ أَتَى رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم سُبَاطَةَ قَوْمٍ فَبَالَ قَائِمًا ثُمَّ دَعَا بِمَاءٍ فَمَسَحَ عَلَى خُفَيْهِ . قَالَ أَبُو دَاؤُدَ قَالَ مُسَدَّدُ قَالَ فَذَهَبْتُ أَتَبَاعَدُ فَدَعَانِي حَتَّى كُنْتُ عِنْدَ عَقِبِهِ .

حكم: صحيح (الألباني

বাংলা

২৩. হাফস ইবনু উমার হুযায়ফা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেছেনঃ একদা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ময়লা-আবর্জনা ফেলার স্থানের নিকট যাওয়ার সময় সেখানে দাঁড়িয়ে পেশাব করেন। অতঃপর পানি চেয়ে নেন এবং মোজার উপর মাসেহ করেন -(বুখারী, মুসলিম তিরমিযী, ইবনু মাজাহ, নাসাঈ)।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেনঃ মুসাদ্দাদ হতে বর্ণিত আছে যে, হুযায়ফা (রাঃ) বলেছেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পেশাব করবেন বুঝতে পেরে আমি দূরে সরে গেলাম অতঃপর আমাকে (পানি আনার জন্য) নিকটে আহ্বান করলেন- এমনকি আমি তাঁর পশ্চাতে এসে দাঁড়ালাম।

English

Narrated Hudhaifah:

The Apostle of Allaah (sal Allaahu alayhi wa sallam) came to a midden of some people and urinated while standing. He then asked for water and wiped his shoes.



Abu Dawud said: Musaddad, a narrator, reported: I went far away from him. He then called me and I reached just near his heals.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন